# রোহিঙ্গা সংকট সমাধানে জাতিসংঘের উদ্যোগে আন্তর্জাতিক সম্মেলন ৩০ সেপ্টেম্বর



সংগৃহীত ছবি

রোহিঙ্গা সংকট মোকাবিলায় জাতিসংঘের উদ্যোগে আগামী ৩০ সেপ্টেম্বর একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (এনএসএ) ও প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যাবিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমান।

রোববার ঢাকার ফরেন সার্ভিস একাডেমিতে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। খলিলুর রহমান বলেন, "এই সম্মেলন রোহিঙ্গাদের জন্য যেমন গুরুত্বপূর্ণ, তেমনি বিশ্ব সম্প্রদায়ের কাছেও এটি আশু সমাধানের দিকনির্দেশনা দেওয়ার একটি বড় সুযোগ। আমরা চাই রোহিঙ্গাদের কণ্ঠস্বর, তাদের আশা-আকাঙ্ক্ষা ও স্বপ্ন আন্তর্জাতিক পরিসরে তুলে ধরতে।"

তিনি আরও জানান, এ সম্মেলনের প্রস্তুতি হিসেবে ২৫ আগস্ট কক্সবাজারে অনুষ্ঠিত হবে 'অংশীজন সংলাপ: রোহিঙ্গা পরিস্থিতি নিয়ে উচ্চ পর্যায়ের সম্মেলনে আলোচনার জন্য প্রাপ্ত বার্তা' শীর্ষক একটি আন্তর্জাতিক আলোচনা। এতে বিভিন্ন অংশীজনের মতামত সংগ্রহ করা হবে, যা পরবর্তীতে মূল সম্মেলনে উপস্থাপন করা হবে।

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জানান, এ উপলক্ষে রোববার সকালে ঢাকায় অবস্থানরত বিদেশি কূটনীতিক ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের রোহিঙ্গা ইস্যুতে ব্রিফ করা হয়।

তিনি স্মরণ করিয়ে দেন, "একসময় রোহিঙ্গা ইস্যুটি আন্তর্জাতিক আলোচনার এজেন্ডা থেকে প্রায় হারিয়ে যাচ্ছিল। এমন পরিস্থিতিতে প্রধান উপদেষ্টা গত বছর জাতিসংঘ সাধারণ পরিষদে গিয়ে একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের আহ্বান জানান। সেই আহ্বান সদস্য রাষ্ট্রগুলো তাৎক্ষণিকভাবে ও সর্বসম্মতভাবে গ্রহণ করে। এর ফলেই জাতিসংঘ এ সম্মেলন আহ্বানের সিদ্ধান্ত নেয়।"

খলিলুর রহমান জানান, ইতিমধ্যেই বিশ্বের ১০৬টি দেশ এ সম্মেলনের স্পন্সর হিসেবে এগিয়ে এসেছে। ফলে রোহিঙ্গা সমস্যার সমাধানে আন্তর্জাতিক সমর্থন এখন যথেষ্ট পরিমাণে দৃশ্যমান হয়েছে।

LENS ASIA